



প্রাইমারি স্কুলে শিক্ষকতার টেট পরীক্ষা

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার সঙ্গে টেট পাশ হওয়া চাইই। পরীক্ষার প্রস্তুতি সহায়তার জন্য ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে জীবিকা দিশারী প্র্যাক্টিস সেট।

মোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সময়সীমা দেড় ঘন্টা। ১৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেলে প্রার্থীকে টেট উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে, সার্টিফিকেট দেওয়া হবে, যা বৈধ থাকবে ৩ বছর। সুতরাং ১৫০ নম্বরের মধ্যে কমপক্ষে ৯০ নম্বর পেতে হবে। সংরক্ষিত শ্রেণির জন্য টেট পাশের নম্বর ৫৫ শতাংশ। পরীক্ষার সিলেবাস প্রকাশিত না হলেও এনসিটিইর নিয়ম অনুযায়ী থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট ৩০ নম্বর, প্রথম ভাষা (বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি/ওড়িয়া/ তেলুগু—নির্ধারিত হবে সংশ্লিষ্ট স্কুলের ভাষামাধ্যম অনুযায়ী) ৩০ নম্বর, দ্বিতীয় ভাষা (ইংরেজি) ৩০ নম্বর, অঙ্ক ৩০ নম্বর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ৩০ নম্বর। প্রথম ভাষা হিসাবে ইংরাজির কথা বলা হয়নি এবং সবার ক্ষেত্রেই দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি থাকতে হবে। পরীক্ষা হবে সারা রাজ্যে একইদিনে।

শিশু মনস্তত্ত্ব ও শিক্ষাবিজ্ঞান

- কোন অভীক্ষার দ্বারা দৃষ্টিহীনদের বুদ্ধি পরিমাপ করা হয়?
(ক) ম্যাগডুগাল অভীক্ষা (খ) বিনেহেইস অভীক্ষা (গ) ফ্রয়েড অভীক্ষা
(ঘ) ম্যাকমিলান অভীক্ষা
 - বিদ্যালয়ের শিক্ষামূলক দায়িত্বের মধ্যে নিচের কোনটি পড়ে না?
(ক) সংরক্ষণ (খ) সম্বলন (গ) সমন্বয় (ঘ) ব্যক্তিস্বাতন্ত্র্যের বিকাশ
 - আমরা কোন সময় থেকে ধারণা অর্জন করি?
(ক) শৈশব থেকে বৃদ্ধ বয়স (খ) কৈশোর থেকে যৌবন (গ) যৌবন থেকে প্রৌঢ়ত্ব
(ঘ) শৈশব থেকে যৌবন
 - ‘মনোবিজ্ঞান হল মনের বিজ্ঞান’— কার উক্তি?
(ক) ম্যাগডুগাল (খ) ফ্রয়েড (গ) হফলিং (ঘ) স্পেনসার
 - নিচের কোনটি একটি সংবেদন নয়?
(ক) দর্শন (খ) শ্রবণ (গ) ঘ্রাণ (ঘ) ইচ্ছা
 - থার্স্টোনের তত্ত্ব অনুসারে সর্বশেষ উপাদান কোনটি?
(ক) প্রত্যক্ষণ (খ) শব্দ স্বাচ্ছন্দ্য (গ) স্থান প্রত্যক্ষণ (ঘ) যুক্তি
 - আগ্রহ হল সুপ্ত মনোযোগ, আর মনোযোগ হল আগ্রহের ইতিহাস— কার উক্তি?
(ক) ম্যাগডুগাল (খ) স্পেনসার (গ) রবার্ট লুইস (ঘ) আইনস্টাইন
 - নিচের কোনটি দৈহিক ক্ষমতার অন্তর্গত নয়?
(ক) কবিতা আবৃত্তি করা (খ) সাঁতার কাটা (গ) সাইকেল চালানো (ঘ) দৌড়ানো
 - মানসিক ক্ষমতার সঙ্গে নিম্নলিখিত কোন বিষয়টি যুক্ত নয়?
(ক) জন্মগত অধিকার (খ) সাধারণধর্মিতা (গ) সর্বজনীনতা (ঘ) একক সত্তার বহিঃপ্রকাশ
 - ব্রেইল পদ্ধতিতে লেখার কলমটিকে কী বলে?
(ক) টাইলাস (খ) স্টার্টার (গ) স্টিমুলাস (ঘ) এর কোনোটিই নয়
- উত্তর
১. (খ) ২. (ঘ) ৩. (ক) ৪. (গ) ৫. (ঘ) ৬. (গ) ৭. (ক) ৮. (ক) ৯. (ঘ) ১০. (ক)

প্রথম ভাষা: ভাষা

- আমরা পরের উপকার করব মনে করলেই উপকার করতে পারি না।— কোন ধরনের বাক্য?
(ক) জটিল (খ) সরল (গ) যৌগিক (ঘ) মিশ্র
- পরের অস্ত্র কেড়ে নিলে নিজের অস্ত্র নির্ভয়ে উচ্ছ্বল হয়ে ওঠে।— জটিল বাক্যে লিখুন।
(ক) যদি পরের অস্ত্র কেড়ে নেওয়া হয়, তবে নিজের অস্ত্র নির্ভয়ে উচ্ছ্বল হয়ে ওঠে
(খ) পরের অস্ত্র কেড়ে নিতে চাইলে নিজের অস্ত্র সুশৃঙ্খল থাকে না (গ) যদি পরের অস্ত্র কেড়ে নাও তাহলে নিজের অস্ত্র সুশৃঙ্খল থাকবে না (ঘ) কোনোটি সঠিক নয়
- ‘অসীম’ শব্দের বিপরীত শব্দ কী?
(ক) নিঃসীম (খ) সসীম (গ) সীমা (ঘ) সীমাহীন
- মহা+ঈশ্বর— এর সন্ধিবদ্ধ পদটি কী হবে?
(ক) মহেশ্বর (খ) মাহেশ্বর (গ) মহেশ্বর (ঘ) মোহেশ্বর
- ভানুদয়— এর সন্ধিবচ্ছেদ করুন।
(ক) ভানু+উদয় (খ) ভানু+উদয় (গ) ভানু+দয় (ঘ) ভানু+দয়
- সুধীন্দ্র পদটির সন্ধিবচ্ছেদ করুন।

- (ক) সুধি+ইন্দ্র (খ) সুধী+ইন্দ্র (গ) সুধী+ঈন্দ্র (ঘ) সুধি+ঈন্দ্র
 - কথোপকথন পদটির সন্ধিবচ্ছেদ করুন।
(ক) কথ+উপকথন (খ) কথ+উপকথন (গ) কথঃ+উপকথন (ঘ) কথো+পকথন
 - উত্তর+উত্তর— এর সন্ধিবদ্ধ পদটি কী?
(ক) উত্তরত্তর (খ) উত্তরোত্তর (গ) উত্তরত্তর (ঘ) উত্তরোত্তর
 - কাপুরুষ শব্দটির আদি অর্থ লিখুন।
(ক) ভীক (খ) কুৎসিত পুরুষ (গ) ভীতু (ঘ) নির্বোধ
 - উঠোন কোন জাতীয় শব্দ?
(ক) তৎসম (খ) অর্ধ-তৎসম (গ) তদ্ভব (ঘ) বিদেশি
- উত্তর
১. (ক) ২. (ক) ৩. (খ) ৪. (ক) ৫. (ক) ৬. (খ) ৭. (খ) ৮. (খ) ৯. (খ) ১০. (গ)

SECOND LANGUAGE: ENGLISH

Directions (Q 1-6): Fill in the blanks to make the sentences meaningfully complete.

- The police have a complaint against four persons.
(a) entered (b) lodged (c) registered (d) noted
- There is no doubt that one has to keep with the changing times.
(a) aside (b) oneself (c) pace (d) himself
- This book is a useful to your library.
(a) arrival (b) discovery (c) asset (d) addition
- Anita me of a girl I used to know.
(a) remembers (b) recalls (c) recollects (d) reminds
- Rahul had pain in his stomach.
(a) high (b) strong (c) deep (d) severe
- We will be late if we not leave now.
(a) do (b) will (c) shall (d) did

Directions (Q 7-9): Choose the word which can be substituted for the given phrase/sentence.

- The line which a plough cuts in the ground.
(a) vale (b) trench (c) furrow (d) trough
 - Of unknown and unadmitted authorship.
(a) Gullible (b) Anonymous (c) Unanimous (d) Vexation
 - A person without manners or polish.
(a) Rustic (b) Naïve (c) Boorish (d) Barbarian
- ANSWERS
1. (c) 2. (c) 3. (d) 4. (d) 5. (d) 6. (a) 7. (c) 8. (b) 9. (a)

পরিবেশ বিদ্যা

- আলোক শক্তিকে উদ্ভিদ খাদ্যের মধ্যে সঞ্চিত রাখে
(ক) তাপশক্তিরূপে (খ) বৈদ্যুতিক শক্তিরূপে (গ) রাসায়নিক শক্তিরূপে (ঘ) চৌম্বক শক্তিরূপে
- সাইক্লোনের ঘূর্ণীর মধ্যাঞ্চলকে কী বলে?

(ক) চোখ (খ) নাক (গ) মাথা (ঘ) হৃদপিণ্ড

৩. ভূপালের গ্যাস দুর্ঘটনা কবে হয়েছিল?

(ক) ১৯৮২ সালে (খ) ১৯৮৪ সালে (গ) ১৯৯০ সালে (ঘ) ১৯৯২ সালে

৪. জীব থেকে জীবের উৎপত্তি তত্ত্ব কে প্রমাণ করেন?

(ক) ফ্রানসিসকো রেডি (খ) মাদাম কুরি (গ) এপিকিউরাস (ঘ) অ্যারিস্টটল

৫. নিচের কোনটি পরিবেশের আবহাওয়া জনিত উপাদান নয়?

(ক) তাপমাত্রা (খ) বৃষ্টিপাত (গ) জৈবগঠন (ঘ) বাতাসের জলীয় বাষ্প

৬. গুজরাটের ভূজে ভয়াবহ ভূমিকম্প হয় কত সালে?

(ক) ১৯৯৫ সালে (খ) ১৯৯৬ সালে (গ) ২০০০ সালে (ঘ) ২০০১ সালে

৭. অরণ্য নিধনের ফলে যে সমস্ত প্রাকৃতিক বিপর্যয় তৈরি হয় তার মধ্যে প্রধান কোনটি?

(ক) ভূমিকম্প (খ) আগ্নেয়গিরি (গ) বন্যা (ঘ) খরা

৮. পৃথিবী থেকে সূর্যের দূরত্ব কত?

(ক) প্রায় ১ লক্ষ কিমি (খ) প্রায় ১০ লক্ষ কিমি (গ) ১ কোটি কিমি (ঘ) প্রায় ১৫ কোটি কিমি

৯. সানস্পট কী?

(ক) সূর্যের তুলনামূলক ঠান্ডা ও অনুজ্জ্বল স্থান (খ) সূর্যের তুলনামূলক উত্তপ্ত ও উজ্জ্বল স্থান (গ) সূর্যের কেন্দ্রীয় অঞ্চল (ঘ) সূর্যের বলয়

১০. ভূত্বকের সর্ববহিঃস্থ স্তরকে কী বলে?

(ক) হাইড্রোস্ফিয়ার (খ) লিথোস্ফিয়ার (গ) ম্যান্টেল (ঘ) কোর
উত্তর

১. (গ) ২. (ক) ৩. (খ) ৪. (ক) ৫. (গ) ৬. (ঘ) ৭. (গ) ৮. (ঘ) ৯. (ক) ১০. (খ)

অঙ্ক

1. তিনটি সমান গেলাস জলমিশ্রিত দুধে পূর্ণ আছে। প্রথম গেলাসে দুধ ও জলের অনুপাত 2 : 3, দ্বিতীয় গেলাসে 3 : 4 এবং তৃতীয় গেলাসে 4 : 5; তিনটি গেলাসের জলমিশ্রিত দুধ একটি নতুন পাত্রে ঢালা হল। ওই পাত্রে দুধ ও জলের অনুপাত কত?

(a) 401 : 544 (b) 401 : 543 (c) 400 : 544 (d) 401 : 644

2. এক ফল বিক্রিতে কিছু আম ক্রয় করে এর $\frac{1}{2}$ অংশ শতকরা 16 টাকা লাভে,

$\frac{1}{3}$ অংশ শতকরা 12 টাকা লাভে এবং বাকি $\frac{1}{6}$ অংশ শতকরা 18 টাকা ক্ষতিতে

বিক্রি করল। মোটের উপর তার শতকরা কত লাভ বা ক্ষতি হল?

(a) 10% (b) 9% (c) 7% (d) 8%

3. এক ব্যক্তি 1 জানুয়ারি 1000 টাকা ব্যাংকে জমা রাখলেন কিন্তু 8 মাস পরে 600 টাকা তুলে নিলেন। সুদের হার বার্ষিক 3% হলে বছরের শেষে ওই ব্যক্তি কত টাকা সুদ পেয়েছিলেন?

(a) 20 টাকা (b) 25 টাকা (c) 24 টাকা (d) 22 টাকা

ANSWERS

1. (a) প্রথম গেলাসে দুধের পরিমাণ = $\frac{2}{2+3}$ অংশ = $\frac{2}{5}$ অংশ

,, ,, জলের ,, = $\frac{3}{2+3}$ অংশ = $\frac{3}{5}$,,

দ্বিতীয় গেলাসে দুধের পরিমাণ = $\frac{3}{3+4}$ অংশ = $\frac{3}{7}$ অংশ

,, ,, জলের ,, = $\frac{4}{3+4}$ অংশ = $\frac{4}{7}$,,

তৃতীয় গেলাসে দুধের পরিমাণ = $\frac{4}{4+5}$ অংশ = $\frac{4}{9}$ অংশ

,, ,, জলের ,, = $\frac{5}{4+5}$ অংশ = $\frac{5}{9}$,,

নতুন পাত্রে মোট দুধের পরিমাণ = $\left(\frac{2}{5} + \frac{3}{7} + \frac{4}{9}\right)$ অংশ = $\frac{401}{315}$ অংশ এবং

নতুন পাত্রে জলের পরিমাণ = $\left(\frac{3}{5} + \frac{4}{7} + \frac{5}{9}\right)$ অংশ = $\frac{544}{315}$ অংশ।

∴ নতুন পাত্রে দুধ ও জলের অনুপাত = $\frac{401}{315} : \frac{544}{315}$

∴ ওই পাত্রে দুধ ও জলের অনুপাত = 401 : 544.

2. (b) মনে করুন, আমগুলির ক্রয়মূল্য = x টাকা।

∴ আমগুলির $\frac{1}{2}$ অংশের ক্রয়মূল্য = $\frac{x}{2}$ টাকা, $\frac{1}{3}$ অংশের ক্রয়মূল্য = $\frac{x}{3}$ টাকা

এবং $\frac{1}{6}$ অংশের ক্রয়মূল্য = $\frac{x}{6}$ টাকা।

∴ আমগুলির $\frac{1}{2}$ অংশের ওপর 16% লাভ = $\left(\frac{x}{2} \times \frac{16}{100}\right)$ টাকা = $\frac{2x}{25}$ টাকা লাভ

,, $\frac{1}{3}$,, ,, 12% ,, = $\left(\frac{x}{3} \times \frac{12}{100}\right)$ টাকা = $\frac{x}{25}$ টাকা লাভ

,, $\frac{1}{6}$,, ,, 18% ক্ষতি = $\left(\frac{x}{6} \times \frac{18}{100}\right)$ টাকা = $\frac{3x}{100}$ টাকা ক্ষতি

∴ মোট লাভ = $\left(\frac{2x}{25} + \frac{x}{25} - \frac{3x}{100}\right)$ টাকা = $\frac{8x+4x-3x}{100}$ টাকা = $\frac{9x}{100}$ টাকা

∴ x টাকায় লাভ হয় $\frac{9x}{100}$ টাকা

∴ 1 ,, ,, ,, $\left(\frac{9x}{100} \times \frac{1}{x}\right)$ টাকা

∴ 100 ,, ,, ,, $\left(\frac{9x}{100} \times \frac{1}{x} \times 100\right)$ টাকা = 9 টাকা

∴ মোটের ওপর লাভের হার 9%.

3. (c) এক্ষেত্রে, 1000 টাকা খেটেছে 8 মাস = $\frac{8}{12}$ বছর = $\frac{2}{3}$ বছর

এবং (1000 - 600) টাকা অর্থাৎ 400 টাকা খেটেছে 4 মাস = $\frac{4}{12}$ বছর = $\frac{1}{3}$ বছর।

প্রশ্নানুযায়ী, 100 টাকায় 1 বছরের সুদ = 3 টাকা

∴ 1 ,, 1 ,, ,, = $\frac{3}{100}$,,

∴ 1000 ,, 1 ,, ,, = $\left(\frac{3}{100} \times 1000\right)$,,

∴ 1000 ,, $\frac{2}{3}$,, ,, = $\left(\frac{3}{100} \times 1000 \times \frac{2}{3}\right)$ টাকা = 20 টাকা

আবার, 100 টাকায় 1 বছরের সুদ = 3 টাকা

∴ 1 ,, 1 ,, ,, = $\frac{3}{100}$,,

∴ 400 ,, $\frac{1}{3}$,, ,, = $\left(\frac{3}{100} \times 400 \times \frac{1}{3}\right)$ টাকা = 4 টাকা

∴ বছরের শেষে ওই ব্যক্তি মোট (20 + 4) টাকা = 24 টাকা সুদ পেয়েছিলেন।